



বাকসু নির্বাচনের দাবীতে ভিসির সাথে ছাত্রদল নেতাদের বৈঠক

বাকসু সংবাদদাতা ॥ বাংলা-
দেশ কৃষি বিশ্ববিদ্যালয়, কেন্দ্রীয়
ছাত্র সংসদ (বাকসু) এবং ১০টি
হল সংসদের নির্বাচনের দাবী
করছে জাতীয়তাবাদী ছাত্রদল।
গত বুধবার জাতীয়তাবাদী ছাত্রদল
কেন্দ্রীয় ও হল পর্যায়ের নেতৃবৃন্দ
বাকসুর নির্বাচন নিয়ে দুই ঘন্টা-
ব্যাপী ভিসির সাথে বৈঠক করেন।
এসময় ছাত্রদল নেতৃবৃন্দ বলেন,
বাকসু নেই বলেই এখানে কোন
সাংস্কৃতিক কর্মকাণ্ড নেই।

ভিসি প্রফেসর মহাঃ মুস্তাফিজুর
রহমান বাকসু নির্বাচনের ব্যাপারে
নীতিগতভাবে একমত পোষণ
করলেও সরকারের সর্বোচ্চ মহলের
গ্রীন সিগন্যাল ছাড়া নির্বাচন দিতে
পারবে না বলে তিনি জানান।